দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUL 1 3 1999
পৃষ্ঠা ৭৫ কলাম ২

13

# শিক্ষামন্ত্রীর সহিত শিক্ষক প্রতিনিধিদের বৈঠক

গতকাল (সোমবার) বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের একটি প্রতিনিধি দল শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেকের সহিত সাক্ষাৎ করেন। শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত এই সাক্ষাৎকারকালে শিক্ষামন্ত্রী বলেন, বেসরকারী শিক্ষকদের ১০০ ভাগ মূল বেতন প্রদান, সরকারী-বেসরকারী শিক্ষকদের পদোন্নতি ও পরীক্ষায় নকল রোধে পন্থা নিরূপণসহ শিক্ষা সংশ্লিষ্ট বিষয়াবলী ও শিক্ষকদের পেশাগত সমস্যাগুলি শিক্ষক প্রতিনিধিবৃন্দের সহিত আলোচনাক্রমেই চূড়ান্ত করা হইবে। ফেডারেশনের পক্ষে শিক্ষার মান উন্নয়নকল্পে ১৫ দফা প্রস্তাব ও নকল প্রতিরোধে ৭ দফা সুপারিশমালা শিক্ষামন্ত্রীর নিকট পেশ করা হয়। সভায় বক্তব্য রাখেন ফেডারেশনের চেয়ারম্যান শেখ আমানুল্লাহ, সেক্রেটারী জেনারেল অধ্যাপক কাজী ফারুক আহমদ, অধ্যক্ষ একে এম জহিরুল ইসলাম, অধ্যক্ষ আলী আকবর খান ডলার, সেলিম ভুইয়া, মোঃ তোহা প্রমুখ। –প্রেস বিজ্ঞপ্তি